কেস স্টাডি

১) নীচের অনুচ্ছেদগুলি পড়ে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো: (৭×২)=১৪

ক)একদিন ছোট্ট মেয়ে মিষ্টি তার বাগানে খেলছিল। হঠাৎ সে দেখল, একটা গাছের ডালে ঝুলছে একটি ছোট চিঠি!চিঠিতে লেখা—“আমি গাছ। তোমরা কেটে ফেললে, পাখিরা কোথায় থাকবে? বাতাস কে দেবে? ছায়া কে দেবে?”মিষ্টি অবাক! গাছও কথা বলে? সে চিঠিটা নিয়ে স্কুলে গেল এবং সবাইকে সেটি দেখালো। তারপর সব বন্ধুরা মিলে ঠিক করল—আর গাছ কাটবে না, বরং নতুন গাছ লাগাবে।এক মাস পরে, পুরো গ্রামটা হয়ে উঠল সবুজে ভরা, পাখিরা ফিরে এল, বাতাসে এল ঠাণ্ডা ছোঁয়া।

মিষ্টি হাসল, আর গাছের দিকে তাকিয়ে বলল, “তোমার চিঠি বদলে দিয়েছে আমাদের মন।”

i)আলোচ্য অংশটিতে "মিষ্টি"

বলতে কী বোঝানো হয়েছে?

খাবারের নাম /মেয়ের নাম/ ছেলের নাম/ দাদুর নাম

ii)কে আমাদের অক্সিজেন দেয়?

গাছ/ চিঠি/পাখি/আকাশ

iii)তার জন্ম গাছের বুকে

পথ খুঁজে নেয় আকাশ পানে

পাতা ও ফুলে সাজানো সে

দোল খায় হাওয়ার বাঁকে

বলতো কী ?

গাছের ডাল/বন্ধু/ পাখি/বাতাস

iv)মন্তব্য: পুরো গ্রামটি সবুজে ভরে উঠলো।

কারণ: অনেক গাছ লাগানো হয়েছিল।

মন্তব্য ঠিক কারণ ভুল /মন্তব্য ভুল কারণ ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ভুল

v)মিষ্টি কি নিয়ে স্কুলে গিয়েছিল?

টিফিন/ জলের বোতল /বই খাতা/ চিঠি

vi)কিসের মধ্যে ঠান্ডা ছোঁয়ার অনুভব হচ্ছিল?

গাছের মধ্যে/ বাতাসের মধ্যে/ চিঠির মধ্যে/ পাখির মধ্যে

vii)মন্তব্য: মিষ্টি গাছের দিকে তাকিয়ে হাসছিল।

কারণ: গাছের চিঠি তাদের মন বদলে দিয়েছে।

মন্তব্য ঠিক কারণ ভুল /মন্তব্য ভুল কারণ ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ভুল

খ)একদিন সকালে ছোট্ট চড়ুই পাখি ও টুনটুনি একসাথে আকাশে উড়ছিল। হঠাৎ করে আকাশে কালো মেঘ জমে গেল, শুরু হলো ঝমঝম বৃষ্টি। টুনটুনি ভিজে যাচ্ছিল, তার ঠান্ডা লাগছিল খুব। সে খুঁজতে লাগল একটা নিরাপদ জায়গা।একটা

বড় গাছের নিচে সে দেখতে পেল একটা খালি বাসা। টুনটুনি সেখানে ঢুকে গেল, আর আরাম করে বসে রইল।

বাসার মালিক কাঠবিড়ালি এসে বলল, "তুমি কে?"

টুনটুনি বলল, "আমি ভিজে গেছি, একটু আশ্রয় নিয়েছি।"

কাঠবিড়ালি হাসল, বলল, "আসো, গরম দুধ খাও।"

টুনটুনি খুশি হয়ে বলল, "তুমি সত্যিই দয়ালু!" বৃষ্টি থেমে গেলে টুনটুনি বলল, "তোমার মতো বন্ধু পেয়ে আমি ভাগ্যবান।"সেই দিন থেকে তারা ভালো বন্ধু হয়ে গেল।

i)আলোচ্য অংশটিতে কালো রঙের সাথে কার তুলনা করা হয়েছে?

আকাশ /মেঘ /বৃষ্টি/ কাঠবিড়ালি

ii)বৃষ্টিতে ভেজার পর টুনটুনি পাখির কি হয়েছিল?

বমি হয়েছিল /জ্বর হয়েছিল /ঠান্ডা লেগেছিল /কাশি হয়েছিল

iii)নীচের কোন প্রাণীটি পেয়ারা খেতে খুব ভালোবাসে?

চড়ুই পাখি/ কাঠবিড়ালি/ টুনটুনি পাখি/ কোনোটিই নয়

iv)মন্তব্য: টুনটুনি বলেছিল -"তুমি সত্যিই দয়ালু।"

কারণ: কাঠবিড়ালি তাকে গরম দুধ খেতে বলেছিল।

মন্তব্য ঠিক কারণ ভুল /মন্তব্য ভুল কারণ ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

v)বাসার মালিক কে ছিল?

টুনটুনি পাখি/ চড়ুই পাখি /কাঠবিড়ালি/ শালিক পাখি

vi)"ছোট্ট" এই শব্দটিতে যে যুক্তাক্ষর প্রকাশ পেয়েছে সেটি হলো --

ট+ট/চ+ছ/ছ+অ/ছ+ট

vii)মন্তব্য: শুরু হলো ঝমঝম বৃষ্টি।

কারণ: আকাশে মেঘ জমেছিল।

মন্তব্য ঠিক কারণ ভুল /মন্তব্য ভুল কারণ ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ঠিক/ মন্তব্য ও কারণ উভয়ই ভুল।